

প্রেস বিজ্ঞপ্তি

০৯ মার্চ ২০২৫

বাউবির উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম জার্মান বিশ্ববিদ্যালয়গুলোর প্রাক্তন শিক্ষার্থীদের অ্যালামনাই সংগঠন এর সভাপতি এবং বিশিষ্ট দস্ত চিকিৎসক ও সিটি ডেন্টাল কলেজের ওরাল ও ম্যাক্সিলোফেসিয়াস সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা: আব্দুল্লাহ আল মামুন খান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত



অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম




ডা: আব্দুল্লাহ আল মামুন খান

জার্মান বিশ্ববিদ্যালয়গুলোর বাংলাদেশের প্রাক্তন শিক্ষার্থীদের অ্যালামনাই সংগঠন এর কার্যনির্বাহী কমিটির নির্বাচন-২০২৫-২৬ সম্প্রতি অনুষ্ঠিত হয়। নির্বাচনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম সভাপতি পদে এবং বিশিষ্ট দস্ত চিকিৎসক ও সিটি ডেন্টাল কলেজের ওরাল ও ম্যাক্সিলোফেসিয়াস সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা: আব্দুল্লাহ আল মামুন খান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হন।

অন্যান্য নির্বাচিত সদস্যরা হলেন, সহ-সভাপতি ড. মো. আবুল হাশেম, কোষাধ্যক্ষ ড. মো. নাজমুল হক, যুগ্ম সম্পাদক ড. এম. আবুল মঞ্জুর খান, শিক্ষা ও গবেষণা সম্পাদক অধ্যাপক ড. মুহাম্মদ আলী হোসেন, সাংস্কৃতিক ও প্রকাশনা সম্পাদক মোহাম্মদ রাসেল কবির, নির্বাচিত নির্বাহী সদস্যবৃন্দ অধ্যাপক ড. এম. তোফাজ্জল ইসলাম, ড. বোরহান উদ্দিন, ড. ইঞ্জিনিয়ার মো. হুমায়ুন কবির, ড. মোহাম্মদ মাহির উদ্দিন, এ. এন. এম. জোবায়ের, ড. জামিলুর রহমান ও অধ্যাপক ড. হুমায়ুন কবির। এছাড়াও, এক্স-অফিসিও সদস্য হিসেবে আগের কার্যনির্বাহী কমিটির সভাপতি ড. আনোয়ার জাহিদ এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এম. নাজমুস সাদাত নতুন কমিটিতে অন্তর্ভুক্ত রয়েছেন।

উল্লেখ্য যে, Alumni Association of German Universities in Bangladesh (AAGUB) বাংলাদেশে ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়।



মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)